



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmef.gov.bd](http://www.bmef.gov.bd), E-mail: [info@bmef.gov.bd](mailto:info@bmef.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২০১১৮৭৭৩১/সাত-৪৮/৬১

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : এডহক কমিটির সভাপতি মনোনয়ন কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/২৩১২০১১৮৭৭৩১/৩২২১৯/নথি নং -৪৮; তারিখ: ১৬-১১-২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসায় সূত্রোক্ত স্মারকে এডহক কমিটি অনুমোদন দেয়া হয়। এডহক কমিটির সভাপতি জনাব আলাউদ্দিন আল আজাদ উক্ত মাদ্রাসায় নং বামাশিবো/প্রশা/২২১১৮১১৮৭৭৩১/৮৩৮৭/নথি নং-৪৮; তারিখ: ৩০/০৪/২০১৮ খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি ছিলেন। জনাব আলাউদ্দিন আল আজাদ এর বিরুদ্ধে মাদ্রাসায় জাল-জালিয়াতি করে শিক্ষক নিয়োগ সংক্রান্ত অভিযোগ প্রমাণিত হয়েছে বিধায় গত ২৭/১/২০১৯ তারিখে নং বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৪৮/২৩০৬/৫ স্মারকে উক্ত ম্যানেজিং কমিটি বাতিল করা হয়।

বর্ণিত অবস্থায় পূর্বের বাতিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আলাউদ্দিন আল আজাদ-কে কেন পুনরায় এডহক কমিটির সভাপতি করা হলো এবং এডহক কমিটির সভাপতি পদের মনোনয়ন কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা  
কালিগঞ্জ, সাতক্ষীরা।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [dradmin@bmef.gov.bd](mailto:dradmin@bmef.gov.bd)

নং-বামাশিবো/প্রশা/২৩৩২০১১৮৭৭৩১/সাত-৪৮/৬১

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৫. সভাপতি/সদস্যবৃন্দ, এডহক কমিটি, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmef.gov.bd](mailto:dradmin@bmef.gov.bd)